

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায়
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০৬.০০৭.২১.৩১৪

তারিখ- ২৭/০৩/২০২২ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)-২য় পর্যায়” শীর্ষক প্রকল্পের অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পভুক্ত ১৭ টি জেলার ৫৯ টি উপজেলায় গড়ে ২টি করে মোট ১১৮টি হাই স্কুলে অধ্যয়নরত কিশোরীদের সংগঠিত করে কিশোরী বয়স হতে সঞ্চয়ে উৎসাহিতকরণ, বাল্য বিবাহ প্রতিরোধ, নারী নির্যাতনরোধ, যৌতুক বিরোধী, ইভটিজিং প্রতিরোধ, বয়ঃসন্ধিকালীন স্বাস্থ্য ও অধিকারসহ অন্যান্য বিষয়ে সামাজিক সচেতনামূলক প্রশিক্ষণ ও সঞ্চয় প্রণোদনা প্রদান করা হবে। উল্লিখিত কার্যক্রমসমূহ বাস্তবায়নের জন্য প্রতিটি হাই স্কুলের ৬ষ্ঠ-১০ম শ্রেণিতে অধ্যয়নরত কিশোরীদের অংশগ্রহণে মোট ১০০ জন শিক্ষার্থীকে নিয়ে পল্লী উন্নয়ন কিশোরী সংঘ গঠন করতে হবে। সে আলোকে কিশোরী সংঘের সদস্য অন্তর্ভুক্তির ক্ষেত্রে নিম্নোক্ত মাপকাঠি অনুসরণ করতে হবে :

মাপকাঠিসমূহ:

- নির্বাচিত হাই স্কুল হতে সংগৃহীত তথ্য অনুসারে দরিদ্র, মেধাবী ও সুবিধাবঞ্চিত কিশোরী/শিক্ষার্থীরা অগ্রাধিকার প্রদান করতে হবে।
- ৬ষ্ঠ শ্রেণি হতে ১০ম শ্রেণির শিক্ষার্থী হতে হবে। তবে এক্ষেত্রে শিক্ষার্থীদের বয়স বিবেচ্য হবে না। শ্রেণীভিত্তিক নিম্নোক্ত হারে কিশোরী সদস্য নির্বাচন করতে হবে:

শ্রেণীর নাম	শিক্ষার্থীর সংখ্যার হার	
	সর্বনিম্ন	সর্বোচ্চ
৬ষ্ঠ	২০%	৪০%
৭ম	২০%	৪০%
৮ম	২০%	৪০%
৯ম	১%	২০%
১০ম	১%	১০%

- উচ্চ শিক্ষা গ্রহণে আগ্রহী;
 - সাংগঠনিক ও সঞ্চয়ী মনোভাপন্ন;
 - নেতৃত্ব প্রদানে আগ্রহী;
 - বাল্য বিবাহে আগ্রহী নয়;
 - জীবন যাত্রার মানোন্নয়নে আগ্রহী।
- ২। উপরিলিখিত মাপকাঠি অনুযায়ী ৬ষ্ঠ শ্রেণী হতে ৮ম শ্রেণীর শিক্ষার্থীদের অগ্রাধিকার প্রদান করতে হবে। কোনক্রমেই কিশোরী সংঘের সদস্য সংখ্যা ১০০ এর বেশি নির্বাচিত করা যাবে না। এছাড়া কোন শ্রেণিতে উল্লিখিত সর্বনিম্ন হারের চেয়ে কম শিক্ষার্থী পাওয়া গেলে, সেক্ষেত্রে অন্যান্য শ্রেণি হতে তা পূরণ করা যাবে।
- ৩। ইহা স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০৬.০০৭.২১.৩৭ তারিখ- ১৬/০১/২০২২ খ্রিস্টাব্দ মূলে জারিকৃত অফিস আদেশের সংশোধনী হিসেবে গণ্য হবে।

৪। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।


২৭/০৩/২২

মুহাম্মদ মাহবুব আলম
উপপ্রকল্প পরিচালক
ফোনঃ০২-৮১৮৯০২৯

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০৬.০০৭.২১.৩১৪

তারিখ- ২৭/০৩/২০২২ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলা:....., জেলা:.....।
২. উপপরিচালক, বিআরডিবি, জেলা:
৩. উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (বিআরডিবি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৫. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৬. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলা:, জেলা:
৭. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উপজেলা:, জেলা:
৮. প্রধান শিক্ষক, (সংশ্লিষ্ট হাই স্কুল) উপজেলা:, জেলা:
৯. মহিলা শিক্ষক, (সংশ্লিষ্ট হাই স্কুল) উপজেলা:, জেলা:
১০. পরিচালক (সরেজমিন) এর একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
১১. অফিস নথি।



মুহাম্মদ মাহবুব আলম
উপপ্রকল্প পরিচালক